

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[করনীতি উইং]
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০২৩.২৩/১০৫(১-১২)

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

মতামত

বিষয়: সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ও বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীদের বেতন খাতে করযোগ্য আয় নিরূপণ।

সূত্র: ০১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.৪৩.০০১.১৭-১১১, তারিখ: ০৭ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ।

০২। বেসিক ব্যাংক লিমিটেড এর স্মারক নং-৫৩.০৯.০০০০.৮১৮.১৮.০০০.২৪, তারিখ: ৩১ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রদ্বয়ের মাধ্যমে সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ও বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীদের বেতনখাতে করযোগ্য আয় নির্ধারণের বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের করনীতি উইং থেকে নিম্নরূপ মতামত প্রদান করা হলো:

সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি ও বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা-কর্মচারীগণ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ১৫/১২/২০১৫ তারিখে জারিকৃত এস.আর.ও নং-৩৭০-আইন/২০১৫ এর মাধ্যমে প্রণীত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী বেতন-ভাতাদি গ্রহণ করতে পারেন মর্মে অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৮.০০.০০০.১৬৫.৫৩.০০১.১৯-৩১, তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে স্পষ্ট করা হয়।

অর্থ মন্ত্রণালয়ের উক্ত স্মারকের আলোকে উল্লেখিত ব্যাংকসমূহের বোর্ড সভায় বেতন কাঠামো হিসাবে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক ১৫/১২/২০১৫ তারিখে জারিকৃত এস.আর.ও নং-৩৭০-আইন/২০১৫ এর মাধ্যমে প্রণীত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ফলে, এ সকল ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের “চাকুরি হইতে আয়” এর বিপরীতে কর নির্ধারণ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ অনুযায়ী হবে। অর্থাৎ, এ সকল ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখ: ১৩ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ এর অধীন কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হবেন।

এখানে উল্লেখ্য, বর্ণিত ব্যাংকসমূহের কর্মকর্তা-কর্মচারীগণ ২০১৭-২০১৮ করবর্ষ হতে এ সুবিধাদি প্রাপ্য হবেন।

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। এমডি এন্ড সিইও, সোনালী ব্যাংক পিএলসি, ঢাকা।

০২। এমডি এন্ড সিইও, জনতা ব্যাংক পিএলসি, ঢাকা।

০৩। এমডি এন্ড সিইও, অগ্রণী ব্যাংক পিএলসি, ঢাকা।

পরবর্তী পৃষ্ঠা সদয় দৃষ্টব্য


- ০৪। এমডি এন্ড সিইও, বৃপালী ব্যাংক পিএলসি, ঢাকা।
০৫। এমডি এন্ড সিইও, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি, ঢাকা।
০৬। এমডি এন্ড সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, ঢাকা।

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০২৩.২৩/১০৫(১-১২)

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। পিএস টু সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। পিএস টু সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। উপসচিব, বাস্তবমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে মতামত সম্বলিত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ সহ)
০৬। সিনিয়র সহকারী সচিব, কর-১ শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।


(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।